# গদ্য

# নিয়তি

## হুমায়ূন আহমেদ

এই অধ্যায়ের বিগত বছরসমূহের বোর্ড প্রশ্নের বিশ্লেষণ:

| বোর্ড | ২০২৪ | | | | | ২০২৩ | | | | | ২০২২ | | | | | ২০২০ | | | | | ২০১৯ | | | | | ২০১৮ | | | | | ২০১৭ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | CQ | | | | MCQ | CQ | | | | MCQ | CQ | | | | MCQ | CQ | | | | MCQ | CQ | | | | MCQ | CQ | | | | MCQ | CQ | | | | MCQ |
| | ক | খ | গ | ঘ | | ক | খ | গ | ঘ | | ক | খ | গ | ঘ | | ক | খ | গ | ঘ | | ক | খ | গ | ঘ | | ক | খ | গ | ঘ | | ক | খ | গ | ঘ | |
| ঢাকা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | ১ | | | | | | | | | | |
| রাজশাহী | | | | | ১ | | | | | | | | | | | | | | | ১ | | | | | ১ | | | | | | | | | | |
| চট্টগ্রাম | ১ | ১ | ১ | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| সিলেট | | | | | ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| বরিশাল | | | | | ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| যশোর | | | | | ১ | | | | | | | | | | | ১ | ১ | ১ | ১ | | | | | | | | | | | | | | | | |
| কুমিল্লা | ১ | ১ | ১ | ১ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | ১ | | | | | | | | | | |
| দিনাজপুর | | | | | | | | | | | | | | | | | | | | ১ | | | | | | | | | | | | | | | |
| ময়মনসিংহ | | | | | | | | | | | | | | | | | | | | ২ | | | | | | | | | | | | | | | |

## MCQ প্রশ্ন ও সমাধান

### বিগত বছরের বোর্ড পরীক্ষার গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নসমূহ

০১। 'নিয়তি' গল্পে মহারাজার কী দেখে মুগ্ধ হতে হয়? [রা.বো.'২৪]
(a) রুচি (b) ক্ষমতা
(c) সম্পদ (d) আভিজাত্য

০২। নিচের কোন বৈশিষ্ট্যটি 'নিয়তি' গল্পের বেঙ্গল টাইগারের নয়? [চ.বো.'২৪]
(a) নিয়তির নির্মম পরিহাসের শিকার
(b) থালায় করে খাবার দিতে হয়
(c) খাওয়ার জন্য অনুরোধ করতে হয়
(d) অল্প বয়স, মজবুত শরীর

০৩। 'নিয়তি' গল্প থেকে আমরা যা শিখতে পারি- [সি.বো.'২৪]
(i) প্রাণীর প্রতি সংবেদনশীলতা
(ii) কুকুর প্রভুভক্ত প্রাণী
(iii) প্রকৃতির সবাই পরস্পর নির্ভরশীল
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii
(c) i, iii (d) i, ii, iii

০৪। 'নিয়তি' গল্পে লেখকের কোন সময়ের স্মৃতি উঠে এসেছে? [ব.বো.'২৪]
(a) যৌবন (b) কৈশোর
(c) প্রৌঢ় (d) শৈশব

০৫। তিন ভাই-বোন কোথায় বসে রোদ মাখে? [য.বো.'২৪]
(a) উঠোনের ঘাসে (b) বৈঠকখানায়
(c) মন্দিরের চাতালে (d) ঘরের বারান্দায়

০৬। হুমায়ূন আহমেদ নির্মিত চলচ্চিত্র কোনটি? [কু.বো.'২৪]
(a) নন্দিত নরকে (b) নীল অপরিজতা
(c) অয়োময় (d) আগুনের পরশমণি

০৭। 'নিয়তি' গল্পে উল্লিখিত কোন জ্বর নিয়মিত আসে? [রা.বো.'২০]
(a) ম্যালেরিয়া (b) বাতজ্বর
(c) টাইফয়েড (d) চিকনগুনিয়া

০৮। 'নিয়তি' গল্পের লেখক আনন্দ ও আতঙ্কে শিউরে উঠতেন- [ব.বো.'২০]
(a) কাঁপুনি দিয়ে জ্বর এলে (b) বনের বিচিত্র শব্দ শুনলে
(c) ঘরে সাপ ঢুকলে (d) বনে বেড়াতে বের হলে

০৯। 'নিয়তি' গল্পে মহারাজার বাড়ির কী দেখে তার রুচির পরিচয় মেলে? [দি.বো.'২০]
(a) বিচিত্র বইয়ের সমাহার (b) সৌন্দর্যময় বিশাল বাড়ি
(c) ইলেকট্রিসিটির ব্যবস্থা (d) ছাপাখানা মেশিন

### উত্তরমালা

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. a | ০২. d | ০৩. d | ০৪. d | ০৫. c | ০৬. d | ০৭. a | ০৮. b | ০৯. a |

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:**
ভারতে এক মহিলার মুরগির ঘরে সন্ধ্যায় ছোট এক চিতাবাঘ ঢুকে পড়ে। মুরগিদের হৈ চৈ শুনে মহিলা টর্চলাইট ঘরে ধরলে বাঘের দুটি চোখ লাইটের আলোয় জ্বল জ্বল করে ওঠে। কিছু বোঝার আগেই চিতাবাঘ এক লাফে মহিলার ঘাড়ের ওপর লাফিয়ে পড়ে। পাশেই ছিল মহিলার পোষা কুকুর। সে দ্রুত বাঘকে ধরে ফেলে এবং ঘাড় মটকিয়ে বাঘকে হত্যা করে।

১০। উদ্দীপকের পোষা কুকুর 'নিয়তি' গল্পের যে চরিত্রের প্রতিনিধি তা হলো- [ম.বো.'২০]
(a) বেঙ্গল টাইগার (b) কেউটে সাপ
(c) নেকড়ে বাঘ (d) তক্ষক

১১। ছেলের জীবন রক্ষা করলেও লেখকের বাবা কুকুরটিকে মেরে ফেললেন। কারণ, তিনি – [ঢা.বো.'১৯]
(i) কুকুরটির কষ্ট লাঘব করতে চেয়েছিলেন
(ii) কুকুরটির দুর্দশা সইতে পারছিলেন না
(iii) অতি নিষ্ঠুর প্রকৃতির লোক ছিলেন
**নিচের কোনটি সঠিক?**
(a) i, ii (b) ii, iii (c) i, iii (d) i, ii, iii

১২। 'তক্ষক' শব্দের অর্থ কী? [রা.বো.১৯]
(a) টিকটিকি
(b) পাখি
(c) এক ধরনের বিষধর সাপ
(d) এক ধরনের বিষাক্ত কীট

১৩। 'নিয়তি' গল্পে মহারাজার বাড়িতে ছাপাখানার ব্যবস্থা করেছিলেন কেন? [কু.বো.১৯]
(a) বই ছাপাতে (b) কর্মসংস্থান করতে
(c) দাপ্তরিক কাজের জন্য (d) দাওয়াতের পত্র ছাপাতে

## বোর্ড পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ MCQ প্র্যাক্টিস প্রবলেম

১৪। হুমায়ূন আহমেদ কোন জেলায় জন্মগ্রহণ করেন?
(a) দিনাজপুর (b) জামালপুর
(c) ময়মনসিংহ (d) নেত্রকোনা

১৫। নিচের কোনটি হুমায়ূন আহমেদ নির্মিত চলচ্চিত্র?
(a) আগুনের পরশমণি (b) কোথাও কেউ নেই
(c) আজ রবিবার (d) জয়জয়ন্তী

১৬। 'নিয়তি' গল্পের লেখকের বাবার মতে মহারাজের রুচি প্রশংসনীয় ছিল কেন?
(a) খানদানী কুকুর পোষার কারণে
(b) সদৃশ্য বাগান থাকার কারণে
(c) সুরম্য অট্টালিকা থাকার কারণে
(d) বিচিত্র ধরনের বই থাকার কারণে

১৭। 'নিয়তি' গল্পে মহারাজার বাড়িটি ছিল?
(a) পাহাড়ের পাদদেশে (b) জঙ্গলে ঘেরা
(c) নদীতীরে (d) টিলার উপর

১৮। কোন ঘরগুলোতে মহারাজার জিনিসপত্র রাখা ছিল?
(a) দোতলার ঘরগুলোয় (b) নিচতলার ঘরগুলোয়
(c) তালাবদ্ধ ঘরগুলোয় (d) ছাদের ঘরগুলোয়

১৯। 'নিয়তি' গল্পে লেখক পড়াশোনার বিষয়টিকে কী বলে আখ্যায়িত করেছিলেন?
(a) যন্ত্রণা (b) অত্যাচার
(c) আনন্দ (d) মুক্তি

২০। 'নিয়তি' গল্পে কিছুতেই বাড়ি ছেড়ে যেতে চায়নি কে?
(a) কেউটে সাপ (b) লেখকের বাবা
(c) বেঙ্গল টাইগার (d) চিতাবাঘ

২১। 'ম্যালেরিয়ায় মরতে হলেও এখানে মরব'-'নিয়তি' গল্পের লেখকের এ কথায় প্রকাশ পেয়েছে-
(i) জগদলের প্রতি ভালোবাসা
(ii) বেঙ্গল টাইগারের প্রতি ভালোবাসা
(iii) জগদলের রোমাঞ্চকর জীবনের প্রতি আকর্ষণ
**নিচের কোনটি সঠিক?**
(a) i, ii (b) ii, iii
(c) i, iii (d) i, ii, iii

**নিচের উদ্দীপকের সাহায্যে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:**
'রানি' ফিরে এলে আনন্দের আর সীমা রইল না আমার। তার জন্য নূপুর কিনে আনব, নতুন বাসা তৈরি করে দিব, এসব ভাবতে ভাবতে ঘুমিয়ে গেলাম। রানিও তার ঘরে ফিরে বেশ খুশি। কিন্তু সকালে উঠানে গিয়ে দেখি চারদিকে ছোপ ছোপ রক্ত আর পালক, রানি কোথাও নেই।

২২। উদ্দীপকের রানির সাথে 'নিয়তি' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে?
(a) বেঙ্গল টাইগার (b) চিতাবাঘ
(c) লেখকের বাবা (d) মহারাজ

## উত্তরমালা

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১০. a | ১১. a | ১২. c | ১৩. d | ১৪. d | ১৫. a | ১৬. d |
| ১৭. b | ১৮. c | ১৯. b | ২০. a | ২১. c | ২২. a | |

২৩। উদ্দীপকের লেখক এবং 'নিয়তি' গল্পের লেখকের মধ্যে কোথায় মিল রয়েছে?
(a) পোষা প্রাণীর জন্য ঘর বানানো
(b) পোষা প্রাণীর উপর নির্ভরশীলতা
(c) পোষা প্রাণীর প্রতি ভালোবাসা
(d) জঙ্গলের কাছে বসবাস করা

২৪। সাহিত্যে অবদানের জন্য হুমায়ূন আহমেদ কোন পদক পান?
(a) স্বাধীনতা পদক (b) একুশে পদক
(c) রাষ্ট্রপতি পদক (d) একাডেমি পদক

২৫। 'নিয়তি' গল্পে বর্ণিত সময়ে নিচের কোনটি কুখ্যাত ছিল?
(a) বাঘের আক্রমণ (b) কেউটে সাপ
(c) ম্যালেরিয়া (d) মহারাজের বাড়ি

২৬। 'নিয়তি' গল্পে সাপ দেখে কার আনন্দের সীমা ছিল না?
(a) ইকবাল (b) লেখক (c) শেফু (d) শাহীন

২৭। 'নিয়তি' গল্পে শাহীনের জীবন কে বাঁচিয়েছিল?
(a) লেখকের বাবা (b) লেখক
(c) চিতাবাঘ (d) বেঙ্গল টাইগার

২৮। 'নিয়তি' গল্পের শিক্ষণীয় দিক কোনটি?
(a) স্বদেশপ্রেম (b) জীবপ্রেম
(c) ভ্রমণপ্রীতি (d) প্রকৃতিপ্রেম

২৯। 'চাতাল' শব্দের অর্থ কী?
(a) মন্দির (b) উঠান (c) ছাদ (d) কার্নিশ

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:**
বেলাদের বাড়িতে মধু নামের বিড়ালটি অনেক বছর ধরে বাস করছে। বাড়ির সকলের বেশ আদরের ছিল বিড়ালটি। কিছুদিন আগে বৃদ্ধ বিড়ালটি মারা যায়।

৩০। উদ্দীপকের 'মধু' 'নিয়তি' গল্পের কোন চরিত্রের আংশিক প্রতিনিধিত্ব করে?
(a) বেঙ্গল টাইগার (b) শাহীন
(c) লেখক (d) মহারাজ

৩১। উভয়ের মাঝে সাদৃশ্য-
(i) মানুষের মমতা পাওয়া
(ii) বয়সের ভারে কাবু হওয়া
(iii) নিয়তির নিষ্ঠুরতার শিকার হওয়া
**নিচের কোনটি সঠিক?**
(a) i, ii (b) ii, iii (c) i, iii (d) i, ii, iii

৩২। তোমার পঠিত কোন রচনাটি তোমাকে পশুপাখির প্রতি সহানুভূতিশীল হতে উদ্বুদ্ধ করেছে?
(a) বইপড়া (b) পল্লীসাহিত্য
(c) প্রবাস বন্ধু (d) নিয়তি

৩৩। '১৯৪৭ সালের দেশভাগের সময় অনেক মানুষ তাদের সবকিছু ফেলে ইন্ডিয়া চলে যায়'- এখানে 'নিয়তি' গল্পের কোন চরিত্রকে নির্দেশ করা হয়েছে?
(a) মহারাজা (b) বেঙ্গল টাইগার
(c) লেখকের বাবা (d) লেখক

৩৪। মহারাজার বাড়িতে বিদ্যুতের উৎস কী ছিল?
(a) সোলার প্যানেল (b) জেনারেটর
(c) বায়োগ্যাস (d) ব্যাটারি

৩৫। বেঙ্গল টাইগার কখন খাবার খেত না?
(a) মাটিতে ঢেলে দিলে (b) থালায় করে দিলে
(c) খাবার কম দিলে (d) উচ্ছিষ্ট খাবার দিলে

৩৬। কোন অসুখটি 'নিয়তি' গল্পের লেখকের বেশ পছন্দ হয়েছিল?
(a) জ্বর (b) কাঁপুনি (c) ম্যালেরিয়া (d) ডায়রিয়া

৩৭। 'নিয়তি' গল্পে বেঙ্গল টাইগারকে খাবার দেয়া হতো-
(i) দুবেলা (ii) উচ্ছিষ্ট খাবার (iii) থালায়
**নিচের কোনটি সঠিক?**
(a) i, ii (b) ii, iii (c) i, iii (d) i, ii, iii

৩৮। 'নিয়তি' গল্পে সপ্তাহের কোনদিন লেখকের কুইনাইন খেতে হতো?
(a) শনিবার (b) সোমবার
(c) রবিবার (d) শুক্রবার

৩৯। 'নিয়তি' গল্পে লেখকের মনে গভীর ছাপ ফেলেছিল কোনটি?
(a) জগদল (b) ম্যালেরিয়া
(c) মহারাজা (d) বেঙ্গল টাইগার

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:**
রাহাতের অনেকগুলো পোষা মুরগি ছিল। একে একে সবগুলো মুরগি রানীক্ষেত রোগে আক্রান্ত হয়। তাদের কষ্ট সহ্য করতে না পেরে রাহাত তাদের জবাই করে ফেলে।

৪০। রাহাতের সাথে 'নিয়তি' গল্পের সাদৃশ্যপূর্ণ চরিত্র কোনটি?
(a) লেখক (b) শাহীন
(c) শেফু (d) লেখকের বাবা

৪১। তাদের চরিত্রের কোন দিকটি সাদৃশ্যপূর্ণ?
(a) পোষা প্রাণীর প্রতি মমতা
(b) পোষা প্রাণীর জীবন বাঁচানো
(c) পোষা প্রাণীর প্রতি অবহেলা
(d) পোষা প্রাণী অকারণে মরে ফেলা

## উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২৩. c | ২৪. b | ২৫. c | ২৬. d | ২৭. d | ২৮. b | ২৯. b | ৩০. a | ৩১. a | ৩২. d |
| ৩৩. a | ৩৪. b | ৩৫. a | ৩৬. c | ৩৭. b | ৩৮. c | ৩৯. d | ৪০. d | ৪১. a | |

## MCQ প্রশ্নের ব্যাখ্যামূলক সমাধান

### বিগত বছরের বোর্ড পরীক্ষার গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নসমূহের সমাধান

০৯। সমাধান: (a); "বাবাকে অসংখ্যবার বলতে শুনেছি - মহারাজার রুচি দেখে মুগ্ধ হতে হয়, আহা, কত বই! কত বিচিত্র ধরনের বই।"

১২। সমাধান: (সঠিক উত্তর নাই); তক্ষক হলো একধরনের অত্যন্ত বিষধর সরীসৃপ প্রাণী।

## জ্ঞানমূলক CQ প্রশ্ন ও নমুনা উত্তর

### বিগত বছরের বোর্ড পরীক্ষার গুরুত্বপূর্ণ CQ প্রশ্নসমূহ

০১। মহানন্দ কী? [চ.বো.'২৪]

উত্তর: মহানন্দ অর্থ গভীর আনন্দ, অনেক আনন্দ।

০২। জগদলের দিনগুলি আনন্দময় হবার প্রধান কারণ কী ছিল? [কু.বো.'২৪]

উত্তর: লেখকের জগদলের দিনগুলি আনন্দময় হবার কারণ স্কুলের যন্ত্রণা থেকে মুক্তি।

### বোর্ড পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ CQ প্র্যাক্টিস প্রবলেম

০১। মহারাজার বাড়ির ইলেকট্রিসিটির উৎস কী ছিল?

উত্তর: মহারাজার বাড়ির ইলেকট্রিসিটির উৎস ছিল তাঁর নিজস্ব জেনারেটর।

০২। 'নিয়তি' গল্পে লেখক প্রতি রবিবার কত গ্রেন কুইনাইন খেতেন?

উত্তর: 'নিয়তি' গল্পে লেখক প্রতি রবিবার পাঁচ গ্রেন করে কুইনাইন খেতেন।

০৩। আমার ছেলেবেলা কোন ধরনের গ্রন্থ?

উত্তর: স্মৃতিচারণমূলক গ্রন্থ।

০৪। লেখকের কাছে কাকে পৃথিবীর নিষ্ঠুরতম মানুষ বলে মনে হয়?

উত্তর: লেখকের কাছে তাঁর বাবাকে পৃথিবীর নিষ্ঠুরতম মানুষ বলে মনে হয় ।

০৫। জ্বর আসলে শরীরে এক ধরনের আবেশ সৃষ্টি হয় কেন?

উত্তর: শীতের জন্য জ্বর আসলে শরীরে একধরনের আবেশ সৃষ্টি হয়।

## অনুধাবনমূলক CQ প্রশ্ন ও নমুনা উত্তর

### বিগত বছরের বোর্ড পরীক্ষার গুরুত্বপূর্ণ CQ প্রশ্নসমূহ

০১। একে বলি নিয়তি? কথাটি বুঝিয়ে লেখ। [চ.বো.'২৪]

উত্তর: যে জীবন রক্ষা করেছে তাকেই গুলি করে মারা হয়েছে একথা বোঝাতেই লেখক বলেছেন একেই বলে নিয়তি।

'নিয়তি' গল্পে লেখক ও তার ভাইবোনদের সাপের কামড় থেকে বাঁচিয়েছে মহারাজের রেখে যাওয়া কুকুরটি। কিন্তু সাপের কামড়ে কুকুরের শরীরে ঘা হয়ে যায়। অসহ্য যন্ত্রণায় কাতরাতে থাকে কুকুরটি। কুকুরের যন্ত্রণা দূর করতে লেখকের পিতা কুকুরটিকে গুলি করে হত্যা করেন। এ সময় অশ্রুসিক্ত চোখে লেখকের পিতা বলে, যে আমার ছেলের জীবন রক্ষা করেছে তাকে আমি গুলি করে মারলাম। এই দিকটিকেই বলা হয় নিয়তি।

০২। মহারাজার কুকুরটিকে খানদানি বলা হয়েছে কেন? বুঝিয়ে লেখ। [কু.বো.'২৪]

উত্তর: 'নিয়তি' গল্পে যে পোষা কুকুরের উল্লেখ আছে তাকে খানদানি বলে অভিহিত করা হয়েছে তার খাদ্যাভাসের আচরণকে ইঙ্গিত করে।

খানদানি শব্দটি উচ্চবংশীয় অর্থে ব্যবহৃত হয়। 'নিয়তি' গল্পে মহারাজের রেখে যাওয়া কুকুরটিকে খানদানি কুকুর বলা হয়েছে। কেননা কুকুরটিকে দু'বেলা খাবার থালায় করে দিতে হয়, অন্য কুকুর বা প্রাণীর মত মাটি থেকে খাবার সে খায় না। থালায় দেওয়ার পর মুখে বলতে হয়-'খাও'। এই অভ্যাসগুলো হয়ত রাজবাড়িতে থাকার কারণে কুকুরটির মধ্যে গড়ে উঠেছে। তাই তাকে খানদানি বলে অভিহিত করা হয়েছে।

## বোর্ড পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ CQ প্র্যাক্টিস প্রবলেম

০২। 'নিয়তি' গল্পে মুক্তির মহানন্দ বলতে কী বোঝানো হয়েছে?

উত্তর: মুক্তির মহানন্দ বলতে শিক্ষা কার্যক্রম থেকে মুক্তির যে আনন্দ সেটির প্রতি ইঙ্গিত করা হয়েছে।

লেখকের বাবা চাকরিসূত্রে জগদল নামের যে জায়গায় সপরিবারে যান, সেখানে কোনো স্কুল ছিল না, তাই লেখকের পড়াশোনাও করতে হত না। স্কুলের পড়াশোনা থেকে মুক্তি পাওয়ার শিশুসুলভ সহজাত সেই আনন্দকে লেখক মুক্তির মহানন্দ হিসেবে অভিহিত করেছেন।

০৩। 'নিয়তি' গল্পে লেখকের মন ভেঙে গিয়েছিল কেন?

উত্তর: 'নিয়তি' গল্পের লেখকের মন ভেঙে গিয়েছিল লেখকের বাবা জগদলকে ভয়ংকর জায়গা বলে সে স্থান হতে বদলির চেষ্টা করার কারণে।

লেখক যেখানে ছিল সেই জায়গাটি ছিল সুন্দর এবং লেখক সেখানে চমৎকার জীবন উপভোগ করছিল। কিন্তু লেখক এবং তাঁর ভাইবোনেরা পালাক্রমে হঠাৎ ম্যালেরিয়ায় আক্রান্ত হতে লাগলেন। তাই লেখকের বাবা ভয় পেয়ে এই ভয়ংকর জায়গা থেকে চলে যাবার চেষ্টা করলে লেখকের মন ভেঙে যায়।

# প্রয়োগ ও উচ্চতর দক্ষতামূলক সৃজনশীল প্রশ্ন

## বিগত বছরের বোর্ড পরীক্ষার গুরুত্বপূর্ণ CQ প্রশ্নসমূহ

০১। সৈকতের বাবা খাগড়াছড়ি জেলার বন বিভাগের কর্মকর্তা। এসএসসি পরীক্ষা শেষে সে বাবার কাছে খাগড়াছড়ি বেড়াতে যায়। সেখানে জঙ্গলাবৃত্ত পাহাড়ি পরিবেশ। বিকাল হতে না হতেই বুনো মশাদের উপদ্রব শুরু হয়। চারদিকে ডেঙ্গু জ্বরের ছড়াছড়ি যেন নৈমিত্তিক ব্যাপার। রাতের অন্ধকার নামলেই শোনা যায় বিভিন্ন বন্য প্রাণীর ডাক। ভয়ে গা ছম ছম করে তার। আছে সাপের ভয়ও। দিনের বেলাতেও একাকী বাইরে বেড়ানো যায় না। এ অবস্থা ভালো লাগে না তার। তাই কয়েক দিন যেতে না যেতেই সে নিজ বাসা ঢাকায় ফিরে আসতে চায়। [চ.বো.'২৪]

(গ) উদ্দীপকের সাথে 'নিয়তি' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩

(ঘ) "উদ্দীপকটি 'নিয়তি' গল্পের মূল বক্তব্যকে ধারণ করতে পারেনি"– মন্তব্যটির সার্থকতা বিচার কর। ৪

## বোর্ড পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ CQ প্র্যাক্টিস প্রবলেম

০২। ছোট্ট কুকুরছানা হাচিকো। হাচিকোর কাহিনি প্রভুভক্ততার উদাহরণ হিসেবে ইতিহাসে অমর হয়ে রয়েছে। প্রফেসর প্রতিদিন ট্রেনে বিশ্ববিদ্যালয় যেতেন এবং দিন শেষে স্টেশনে হাচিকো তার জন্য অপেক্ষা করত এবং প্রফেসর ফিরে এলে তাকে নিয়ে বাড়ি ফিরত। একদিন ক্লাস নেবার সময় প্রফেসর মারা যান এবং তার আর বাড়ি ফেরা হয়ে ওঠে না। পরবর্তী নয় বছর হাচিকো তার জন্য স্টেশনে অপেক্ষা করে। ওই স্টেশনেই হাচিকোর মৃত্যু হয়।

(গ) উদ্দীপকটি 'নিয়তি' গল্পের সাথে কীভাবে সম্পর্কযুক্ত ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকটি 'নিয়তি' গল্পের সমগ্রভাব ধারণ করে কী? আলোচনা কর। ৪

০৩। পলাশদের লালু নামে একটি ঘোড়া ছিল। হঠাৎ লালু পাগলাটে আচরণ শুরু করে। পলাশ এক সন্ধ্যায় লালুর পিঠে চড়ে বসলে লালু তাকে নিয়ে ছুটতে শুরু করে। ছুটতে ছুটতে অনেক দূরে এক গোরস্থানে এসে পড়লে ঘোড়ার পিঠ থেকে পড়ে যায় পলাশ। অন্ধকার রাতে জ্ঞান হারিয়ে পড়ে থাকে সে। মৃত ভেবে শিয়ালের দল পলাশের দিকে এগিয়ে আসতে থাকে। লালু প্রাণপন লড়াই করে পলাশকে শিয়ালের হাত থেকে রক্ষা করে। পরে পলাশের বাবা দলবল নিয়ে এসে পলাশকে অচেতন অবস্থায় দেখে গুলি করে হত্যা করে লালুকে।

(গ) উদ্দীপকটি কোন দিক দিয়ে 'নিয়তি' গল্পের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

(ঘ) "উদ্দীপকের লালু ও 'নিয়তি' গল্পের বেঙ্গল টাইগার উভয়েই করুণ নিয়তির শিকার"-আলোচনা কর। ৪

## প্রয়োগ ও উচ্চতর দক্ষতামূলক সৃজনশীল প্রশ্নের সমাধান

### বিগত বছরের বোর্ড পরীক্ষার গুরুত্বপূর্ণ CQ প্রশ্নসমূহের সমাধান

০১। **গ.** উদ্দীপকের সাথে 'নিয়তি' গল্পের বনের ভয়ংকর পরিবেশের সাদৃশ্য রয়েছে।

'নিয়তি' গল্পে লেখকের বাবা বনবিভাগে চাকরি করেন। সেই সুবাদে লেখকের বনের সাথে পরিচয় ঘটে। সেখানকার দিনগুলো রোমাঞ্চকর হলেও বিপদেরও কমতি ছিল না। জঙ্গলের মাঝে বাড়ি; আবার সেই সময়ে ম্যালেরিয়ার প্রকোপ ছিল মারাত্মক। ম্যালেরিয়ায় মৃত্যু ছিল নৈমিত্তিক ব্যাপার। লেখকও ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছিলেন। এই অবস্থায় লেখকের বাবা বদলির জন্য তদবির করেন। তাছাড়া লেখক ও তার ভাইবোনদের দিকে একদিন ভয়ংকর এক কেউটে সাপ তেড়ে আসে। সাপটি ফণা তুলে তুলে তাদের দিকে আসছিল। লেখক এ দৃশ্য দেখার জন্য মানসিকভাবে প্রস্তু ছিলেন না।

উদ্দীপকের সৈকতের বাবা বনবিভাগের কর্মকর্তা হওয়ার কারণে সৈকত খাগড়াছড়ি যায় ছুটি কাটাতে। জঙ্গলাবৃত্ত পরিবেশের কারণে সেখানে মশাদের উপদ্রব ব্যাপক। ডেঙ্গু জ্বরের ছড়াছড়ি নৈমিত্তিক ব্যাপার। অন্ধকার রাত্রে বিভিন্ন প্রাণির ডাকে সৈকতের ভয় লাগে। আবার সেখানে সাপের ভয়ও রয়েছে। এই অবস্থা ভালো না লাগায় কয়েকদিন যেতে না যেতেই সৈকত ফিরে আসার ইচ্ছা প্রকাশ করে। উদ্দীপকের এই ভয়ানক পরিবেশের সাথে 'নিয়তি' গল্পের বনের ভয়ংকর পরিবেশের সাদৃশ্য রয়েছে।

**ঘ.** উদ্দীপকটি 'নিয়তি' গল্পের মূল বক্তব্যকে ধারণ করতে পারেনি। মন্তব্যটি যথার্থ।

মানুষ ও প্রাণীর মানবিক সম্পর্কের উপর ভিত্তি করে লেখক 'নিয়তি' গল্পটি রচনা করেছেন। 'নিয়তি' গল্পে লেখকের বাবার চাকরিসূত্রে জগদলের একটি পরিত্যাক্ত জমিদার বাড়িতে অবস্থান করেন। জমিদারবাড়ির একটি কুকুর লেখকের ছোটো ভাইকে কেউটে সাপের ছোবল থেকে রক্ষা করে। কিন্তু কুকুরটি সাপের কামড়ে আক্রান্ত হলে তার শরীরে ঘা হয়। কুকুরের যন্ত্রণা এতই তীব্র ছিল যে লেখকের বাবা সে কষ্ট সহ্য করতে পারেননি। তাই কুকুরটিকে মুক্তি দেওয়ার জন্য তিনি গুলি করে হত্যা করেন। এ সময় লেখকের বাবা অশ্রুসিক্ত হয়ে পড়েন। কেননা কুকুরটি তাঁর ছেলে জীবন বাঁচাতে গিয়ে আক্রান্ত হয়েছিল।

উদ্দীপকে সৈকত খাগড়াছড়িতে বেড়াতে গেলে সেখানে ডেঙ্গর উপদ্রব দেখতে পায়। চারদিকে ডেঙ্গু জ্বরের ছড়াছড়ি। তাছাড়া অন্ধকার রাতে বিভিন্ন প্রাণীর ডাক ভয়ংকর ছিল। সেখানে সাপের ভয়ও রয়েছে। এই অবস্থা তার ভালো লাগে না বলে সে ঢাকায় ফেরত আসতে চায়।

উদ্দীপকে শুধু বনের ভয়ংকর পরিবেশের বিষয়টি বর্ণিত হয়েছে। কিন্তু 'নিয়তি' গল্পের মূলবক্তব্য ভিন্ন। কুকুরের নিয়তি লেখকের বালক চিত্তে বেদনার সঞ্চার করে। 'নিয়তি' গল্পটি মূলত প্রাণির প্রতি সংবেদনশীল ও সহানুভূমিপ্রবণ হওয়ার শিক্ষা দেয়। কেননা প্রকৃতির বিশাল জগতে মানুষ, বৃক্ষ, ও প্রাণী সবাই পরস্পর নির্ভরশীল। তাই বলা যায়, উদ্দীপকটি নিয়তি গল্পের মূল বক্তব্যকে ধারণ করতে পারেনি।

### বোর্ড পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ CQ প্র্যাক্টিস প্রবলেম সমাধান

০২। **গ.** উদ্দীপকটি 'নিয়তি' গল্পের সাথে মনিবের প্রতি আনুগত্যের দিক থেকে সম্পর্কযুক্ত।

গল্পে দেখা যায়, লেখকদের বাড়িতে বসবাসকারী কুকুর বেঙ্গল টাইগার বেশ বৃদ্ধ। কিন্তু ছোটছেলে শাহীনকে একটি প্রকাণ্ড কেউটে সাপ ছোবল দিতে এলে কুকুরটি কালক্ষেপণ না করে ছুটে গিয়ে সাপটিকে হত্যা করে। এতে কুকুরটির বিশ্বস্ততা ও আনুগত্য ফুটে উঠেছে। কেউটে সাপটিকে আসতে দেখে লেখক ও তার বাকি দুই ভাইবোন যখন ছোট শিশুটিকে রেখে দূরে সরে যায়, বেঙ্গল টাইগারই তখন নিজের জীবনের ঝুঁকি নিয়ে ঝাঁপিয়ে পড়ে সাপটির ওপরে।

উদ্দীপকের 'হাচিকো' নামের কুকুরটি আনুগত্যের কারণেই প্রতিদিন স্টেশনে যেত প্রফেসরকে সাথে নিয়ে বাড়িতে ফিরতে। প্রফেসর এর মৃত্যুর পরেও কুকুরটি মৃত্যুর আগ পর্যন্ত স্টেশনে অপেক্ষা করেছে প্রফেসরের জন্য। এর মাধ্যমে কুকুরটির মনিবের প্রতি ভক্তি ও আনুগত্য প্রকাশ পেয়েছে। তাই বলা যায়, ভক্তি ও আনুগত্যই গল্প ও উদ্দীপককে সম্পর্কযুক্ত করে।

ঘ. উদ্দীপকটি 'নিয়তি' গল্পের সমগ্রভাব ধারণ করে না। উভয়ক্ষেত্রে পোষা কুকুরের বর্ণনা থাকলেও প্রেক্ষাপটগত ভিন্নতা রয়েছে। 'নিয়তি' গল্পে মহারাজার পোষা কুকুরটি হয়ে উঠেছিল লেখক ও তার ভাইবোনদের সঙ্গী। বয়সের ভারে নুয়ে পড়া কুকুরটি হয়ত বার্ধক্যজনিত মৃত্যুর আশায় দিনাতিপাত করত এবং ঘুমিয়ে কাটাত। কিন্তু হঠাৎ একদিন লেখকের ভাইকে একটি সাপ আক্রমণ করে বসলে তাকে বাঁচাতে ঝাঁপিয়ে পড়ে বেঙ্গল টাইগার। সাপের বিষ দ্বারা আক্রান্ত হওয়ায় তার শারীরিক অবস্থার অবনতি হয়, তার মৃত্যুযন্ত্রণা কষ্ট দেয় লেখকের বাবাকে। তিনি কুকুরের যন্ত্রণা সহ্য না করতে পেরে নিজহাতে গুলি করেন। এই ঘটনাটিকেই লেখক নিয়তির বিস্ময়কর এক উদাহরণ হিসেবে তুলে ধরেছেন। এছাড়া লেখকের বাবার চাকরিসূত্রে জগদলের একটি পরিত্যক্ত জমিদার বাড়িতে অবস্থানকালীন স্মৃতি এবং তার অনুভূতি অত্যন্ত হৃদয়গ্রাহী করে এখানে বর্ণনা করা হয়েছে।

উদ্দীপকের হাচিকো ছিল তার মনিব প্রফেসর এর প্রতি অনুগত। সেই আনুগত্যের সূত্রেই সে স্টেশনে যেত। প্রফেসর এর মৃত্যুর পর তিনি আর ফিরে না আসায় হাচিকো নয় বছর ধরে সেই স্টেশনে অপেক্ষা করে। দীর্ঘদিন অপেক্ষার পর এক পর্যায়ে কুকুরটি মারা যায়। এখানে এই গল্পটি দুঃখজনক, তবে 'নিয়তি' গল্পের বেঙ্গল টাইগারের মতো কষ্টদায়ক পরিণতি উদ্দীপকে অনুপস্থিত। উদ্দীপকে প্রফেসর এর মৃত্যু হলেও, গল্পের কুকুরটি জীবনঝুঁকি নিয়ে মনিবসন্তানকে বাঁচায়, তারপরেও ভাগ্যের নির্মম পরিহাসে তার মৃত্যু হয় মনিবের হাতে। সেই সাথে 'নিয়তি' গল্পের একটি অংশে লেখকের আত্মস্মৃতি উল্লিখিত থাকলেও উদ্দীপকে তা অনুপস্থিত।

উদ্দীপক ও গল্প দুটি ক্ষেত্রে প্রেক্ষাপটগত ভিন্নতা ও পরিণতির অমিল থাকায় উদ্দীপকটি 'নিয়তি' গল্পের সমগ্রবাবকে ধারণ করেনি।

০৩। গ. উদ্দীপকটি 'নিয়তি' গল্পের কুকুর বেঙ্গল টাইগারের লড়াই ও মৃত্যুর ঘটনার দিক থেকে সাদৃশ্যপূর্ণ।

উদ্দীপকে লালু নামের ঘোড়া পলাশকে নিয়ে ছুটতে ছুটতে অনেক দূরে এক গোরস্থানে এসে পড়লে ঘোড়ার পিঠ থেকে পড়ে যায় পলাশ। অন্ধকার রাতে জ্ঞান হারিয়ে পড়ে থাকে সে। মৃত ভেবে শিয়ালের দল পলাশের দিকে এগিয়ে আসতে থাকলে লালু প্রাণপণ লড়াই করে শেয়ালের হাত থেকে তাকে রক্ষা করে। পলাশের বাবা দলবল নিয়ে পরে এসে হত্যা করে লালুকে।

'নিয়তি' গল্পে লেখকের ছোট ভাই শাহীন চাতালে বসে থাকার সময় একটি সাপ ফণা তুলে তার দিকে এগিয়ে আসছিল। ভয়ে লেখক ও তার ভাইয়েরা কাছে না গেলেও তাদের পোষা কুকুর বেঙ্গল টাইগার সাপটির উপর ঝাঁপিয়ে পড়ে এবং কামড়ে সাপের ফণাটি ছিঁড়ে ফেলে। কিন্তু একই সাথে সাপের  কামড়ে বিষে আক্রান্ত হয়। ঘটনার দ্বিতীয় দিনে কুকুরটির গায়ের চামড়া খসে পড়ে এবং দগদগে ঘা দেখা দেয়। এই কষ্ট সহ্য করতে না পেরে লেখকের বাবা গুলি করে কুকুরটিকে হত্যা করেন। তাই বলা যায়, উদ্দীপকটি 'নিয়তি' গল্পের বেঙ্গল টাইগারের লড়াই এবং মারা যাওয়ার ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ।

ঘ. "উদ্দীপকের লালু ও 'নিয়তি' গল্পের বেঙ্গল টাইগার উভয়ই করুণ নিয়তির শিকার"- উক্তিটি যথার্থ।

উদ্দীপকে লালু নামের ঘোড়াটি পলাশকে নিয়ে এক সন্ধ্যায় ছুটতে শুরু করে। ছুটতে ছুটতে অনেক দূরে এক কবরস্থানে এসে পড়লে ঘোড়ার পিঠ থেকে পড়ে যায় পলাশ। অন্ধকারের রাতে জ্ঞান হারিয়ে পড়ে থাকে পলাশ। মৃত ভেবে শিয়ালের দল পলাশের দিকে এগোতে থাকলে শিয়ালের হাত থেকে তাকে লালু রক্ষা করে। পরে পলাশের বাবা এসে পলাশকে অচেতন দেখে লালুকে ভুল বোঝে এবং গুলি করে হত্যা করে তাকে।

'নিয়তি' গল্পে লেখকের ছোট ভাই চাতালের মাঝখানে অবস্থানকালীন একটা কেউটে সাপ তার দিকে এগিয়ে আসতে থাকলে বেঙ্গল টাইগার নামের কুকুর সাপের উপর ঝাঁপিয়ে পড়ে শাহীনকে রক্ষা করতে। লেখকের ভাই সাপের কামড় থেকে রক্ষা পেলেও কুকুরটি পায়নি। দ্বিতীয় দিনেই তার চামড়া খসে পড়ে এবং দগদগে ঘা হয়। কুকুরটির এই কষ্ট সহ্য করতে না পেরে লেখকের বাবা তাকে গুলি করে হত্যা করে।

উদ্দীপকের লালু ও 'নিয়তি' গল্পের বেঙ্গল টাইগার পলাশ ও শাহীনের জীবন রক্ষা করলেও তার বিনিময়ে তাদের হত্যা করা হয়েছে। তাই উপর্যুক্ত ঘটনাসমূহ যথাযথভাবে বিবেচনা করে বলা যায়, লালু ও বেঙ্গল টাইগার উভয়ই করুণ নিয়তির শিকার।